

## সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪০২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৮. সিজদাসমুহের অনুচ্ছেদমালা এবং কুরআন তিলাওয়াতের সিজদা সংখ্যা প্রসঙ্গে

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْحِ، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي ابْنُ لَهِيعَةَ، أَنَّ مِشْرَحَ بْنَ هَاعَانَ أَبَا الْمُصْعَبِ، حَدَّثَهُ أَنَّ عُقْبَةَ بْنَ عَامِرٍ حَدَّثَهُ قَالَ قُلْتُ لِرَسُولِ اللهِ صلي الله عليه وسلم أَفِي سُورَةِ الْحَجِّ سَجْدَتَانِ قَالَ " نَعَمْ وَمَنْ لَمْ يَسْجُدْهُمَا فَلَا يَقْرَأُهُمَا "

\_ حسن

## বাংলা

১৪০২। 'উক্বাহ ইবনু 'আমির (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করি, হে আল্লাহর রসূল! সূরাহ হাজে কি দু'টি সিজদা্ রয়েছে? তিনি বলেন, হ্যাঁ। যে ব্যক্তি এ দু'টি সিজদা্ আদায় করবে না সে যেন তা তিলাওয়াত না করে।[1]

হাসান।

## **English**

Narrated Uqbah ibn Amir:

I said to the Messenger of Allah (ﷺ): Are there two prostrations in Surah al-Hajj? He replied: Yes; if anyone does not make two prostrations, he should not recite them.

## ফুটনোট

[1] এর সানাদ দুর্বল। তিরমিয়ী (অধ্যায় : সালাত, অনুঃ সূরাহ হাজ্জের সিজদা্ সম্পর্কে, হাঃ ৫৭৮, ইমাম



তিরমিয়ী বলেন, এভাবে সানাদটি মজবুত নয়), আহমাদ (৪/১৫১) ইবনু লাহী'আহ হতে, হাকিম (১/২২১) হাকিম ও যাহাবী এতে নীরব থেকেছেন। এর সনদে মিশরাহ ইবনু হা'আন সম্পর্কে হাফিয বলেনঃ মাকবুল। আর ইবনু লাহী'আহ একজন মুদাল্লিস এবং তিনি এটি আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন